ISO 9001:2015 Certified

শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১
উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ।

মুজিব শতবর্ষ MUJIB 100

নম্বর: ২৭.১২.৮৮৯৪.৫০৯.০২.০০৮.২৩.৪৭৯

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

"নিয়োগ বিজ্ঞপ্তি"

সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ নিম্নোক্ত শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ/ প্যানেল তৈরীর নিমিত্ত নিম্নবর্ণিত শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে নির্ধারিত ফর্মে নিম্নোক্ত শর্তসাপেক্ষে সিনিয়র জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ বরাবর আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্র:নং	পদের নাম	বেতন ও অন্যান্য ভাতা	পদের সংখ্যা	শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা	যে সকল জেলার স্থায়ী বাসিন্দাগণ আবেদন করতে পারবেন না
০১	ডাটা এন্ট্রি অপারেটর (মহিলাদের জন্য সংরক্ষিত)	পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৮,৩০০-৪৬,২৪০ টাকা এর প্রারম্ভিক ধাপ ১৮,৩০০ টাকা মূল বেতন এবং নিয়মানুযায়ী বাড়ী ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	০২ (দুই)টি (কম বা বেশী হতে পারে)	(ক) এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় ন্যূনতম ২য় বিভাগে উত্তীর্ণ অথবা জিপিএ ৫.০০ এর মধ্যে ন্যূনতম জিপিএ ২.৫০ এবং সিজিপিএ ৪.০০ এর মধ্যে ন্যূনতম সিজিপিএ ২.২৫ পেয়ে উত্তীর্ণ। (খ) বাংলায় প্রতি মিনিটে ন্যূনতম ২০ (বিশ) শব্দ ও ইংরেজিতে প্রতি মিনিটে ৩০ (ত্রিশ) শব্দ টাইপ করতে সক্ষম হতে হবে। (গ) কম্পিউটার সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে এবং কম্পিউটার সিস্টেম পরিচালনায় দক্ষতা থাকতে হবে। (ঘ) সঠিক বাংলা ও ইংরেজি ব্যাকরণ, বানান, যতিচিহ্ন এবং বাক্যের গঠন সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। (ঙ) যথাযথ ফাইলিং, পত্র যোগাযোগ, তথ্য ও ফাইল ডাটা সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। (চ) ওয়ার্ড প্রসেসিং ও প্রিন্টিং সম্পর্কে পর্যাপ্ত জ্ঞান থাকতে হবে। কম্পিউটার বিষয়ে মৌলিক জ্ঞানসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।	বাগেরহাট, বান্দরবন, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, চুয়াডাঙ্গা, দিনাজপুর, ফরিদপুর, গাইবান্ধা, জয়পুরহাট, কুড়িগ্রাম, লালমনিরহাট, মাগুরা, নওগাঁ, নড়াইল, নাটোর, নীলফামারী, পাবনা, পঞ্চগড়, রাজবাড়ী, রাজশাহী, সিরাজগঞ্জ, টাঙ্গাইল ।

শর্তাবলী:

০১।	উল্লিখিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইট (www.pbs1.sirajganj.gov.bd.) হতে নির্ধারিত আবেদন ফরম (ফরম নং পমাসপ ১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড করে (পূরণযোগ্য প্রবেশপত্রসহ) স্বহস্তে যথাযথভাবে পূরণ করে **আগামী ১৭/১২/২০২৩ তারিখের মধ্যে** অফিস চলাকালীন **সিনিয়র জেনারেল সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১, উল্লাপাড়া আর/এস, সিরাজগঞ্জ** বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে প্রেরণ করতে হবে। সাদা কাগজে লিখিত বা টাইপকৃত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না। সশরীরে উপস্থিত হয়ে জমাকৃত আবেদনপত্র গৃহীত হবে না। উল্লিখিত তারিখের পর প্রাপ্ত কোনো আবেদনপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না।
০২।	আগামী **১৭/১২/২০২৩ খ্রিস্টাব্দে** প্রার্থীর বয়সসীমা ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে, মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের প্রমাণক হিসেবে এসএসসি/সমমানের সনদপত্র বিবেচিত হবে। এক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।
০৩।	**আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত):** (ক) সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ফটোকপি। (খ) সম্প্রতি তোলা ০৩ (তিন) কপি রঙিন পাসপোর্ট সাইজের ছবি। (গ) জন্ম সনদ/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি। (ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভা/সিটি কর্পোরেশন মেয়র বা ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র। (ঙ) কম্পিউটার প্রশিক্ষণে উত্তীর্ণের সনদপত্র।
০৪।	যে কোন তফসিলি ব্যাংক থেকে সিনিয়র জেনারেল ম্যানেজার, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ বরাবর ১০০.০০ (একশত) টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়)।

০৫।	জেলা কোটার প্রাপ্যতার ভিত্তিতে জেলা কোঠার প্রাপ্যতা না থাকায় বাগেরহাট, বান্দরবন, বগুড়া, চাঁপাইনবাবগঞ্জ, চুয়াডাঙ্গা, দিনাজপুর, ফরিদপুর, গাইবান্ধা, জয়পুরহাট, কুড়িগ্রাম, লালমনিরহাট, মাগুরা, নওগাঁ, নড়াইল, নাটোর, নীলফামারী, পাবনা, পঞ্চগড়, রাজবাড়ী, রাজশাহী, সিরাজগঞ্জ, টাঙ্গাইল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন না। উল্লিখিত জেলা ব্যতিত অন্যান্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।
০৬।	বিজ্ঞপ্তি প্রকাশের পর থেকে নিয়োগের পূর্বমুহূর্ত পর্যন্ত কোন পদে বদলী/পদোন্নতির মাধ্যমে কোনো জেলা কোটা পূরণ হলে সে জেলার প্রার্থীদের আবেদন বিবেচনা করা হবে না।
০৭।	সরকারি/ আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং আবেদনপত্র নির্ধারিত তারিখের মধ্যে পৌঁছাতে হবে।
০৮।	চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীকে প্রাথমিক অবস্থায় ০১ (এক) বৎসরের জন্য **"অন-প্রবেশন"** নিয়োগ করা হবে। প্রার্থীকে যোগদানের সময় স্থানীয় সিভিল সার্জন/পবিসের রিটেইনার ডাক্তারের নিকট হতে সুস্থ্যতার সার্টিফিকেট, স্বীকৃত চক্ষু বিশেষজ্ঞের নিকট হতে চোখের সুস্থতার সার্টিফিকেট (প্রযোজ্য ক্ষেত্রে) দাখিল করতে হবে। অন-প্রবেশনে থাকাকালীন অর্পিত দায়িত্ব ও কর্তব্যসমূহ যথাযথভাবে সম্পাদন, বাপবিবো কর্তৃক আয়োজিত নির্ধারিত প্রশিক্ষণে উত্তীর্ণ, বাৎসরিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট সন্তোষজনক বিবেচিত হলে (পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-১৭, ৩০০-২৪ এবং ৩০০-৫১ মোতাবেক) শর্তসাপেক্ষে সমিতির নিজস্ব বেতন কাঠামোর নির্ধারিত বেতন স্কেলে নিয়মিত করা হবে।
০৯।	অত্র নিয়োগের ক্ষেত্রে সকল ধরণের সরকারি কোটা নীতি অনুসরণ করা হবে। নিয়োগকালে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তানগণের ক্ষেত্রে সরকার নির্ধারিত কোটা সংরক্ষণ করা হবে। তবে সেক্ষেত্রে আবেদনপত্রের সাথে সরকারি নির্দেশ অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত সার্টিফিকেটের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
১০।	ইতঃপূর্বে কোন পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/ বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী কারো উক্ত পদে আবেদন করার প্রয়োজন নাই। প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা কোন তথ্য গোপন করে নিয়োগপ্রাপ্ত হলে এবং পরবর্তীতে তদন্তে তা প্রমাণিত হলে কোনপ্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই চাকুরীচ্যুতসহ দেশের প্রচলিত আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।
১১।	অত্র পবিসের বোর্ড পরিচালক/ মহিলা পরিচালক, কর্মকর্তা/ কর্মচারীদের রক্তের সম্পর্কীয় কেহ অথবা তাদের স্বামী/ স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেহ আবেদন করতে পারবেন না।
১২।	প্রার্থীকে সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তরসহ যে কোন জোনাল/ সাব-জোনাল অফিসসহ বাংলাদেশের যে কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে চাকুরী করতে সম্মত থাকতে হবে।
১৩।	অসম্পূর্ণ এবং ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
১৪।	চাকুরীর জন্য যেকোন ব্যক্তিগত যোগাযোগ বা সুপারিশ বা তদবির চাকুরী লাভের ক্ষেত্রে প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।
১৫।	প্রাপ্ত আবেদনসমূহ প্রাথমিকভাবে বাছাইপূর্বক যোগ্য প্রার্থীদের লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ যথাসময়ে ডাকযোগে অবহিত করা হবে।
১৬।	লিখিত/মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই শিক্ষাগত যোগ্যতা ও অন্যান্য সনদপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে।
১৭।	অত্র নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদানে বাধ্য নহে।
১৮।	কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
১৯।	উল্লিখিত পদের জন্য মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ সন্তানের সন্তান হলে খামের উপর তা সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
২০।	অসম্পূর্ণ আবেদন অথবা নির্ধারিত আবেদনপত্রটি যথাযথভাবে পূরণ করা না হলে বা আংশিক পূরণ করা হলে বা ভুল তথ্য প্রদান করা হলে অথবা প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্যের গড়মিল পাওয়া গেলে আবেদনপত্র বাছাই প্রক্রিয়া অর্থাৎ লিখিত/ ব্যবহারিক/ মৌখিক সাক্ষাৎকার পরীক্ষার পূর্বে বা পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে। যদি কোন প্রার্থীর ক্ষেত্রে আবেদন পত্রের কোন অংশ প্রযোজ্য না হয় সেই ক্ষেত্রে "প্রযোজ্য নয়" উল্লেখ করতে হবে।

০২-১২-২০২৩
আবু আশরাফ মোঃ ছালেহ্
সিনিয়র জেনারেল ম্যানেজার
০১৭৬৯৪০০০৭৪ (ফোন)
০৭৫২৯-৫৬১৭২ (ফ্যাক্স)
sirajpbs@yahoo.com

নম্বর:

তারিখ: ১৭ অগ্রহায়ণ ১৪৩০ বঙ্গাব্দ
০২ ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ

(সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ)-(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। পরিচালক (প্রশাসন), পবিস মানব সম্পদ পরিদপ্তর , বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উত্তর অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
৩। পরিচালক, প্রশিক্ষণ পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড;
৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড-(বাপবিবো ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার (সকল পবিস);
৬। সিরাজগঞ্জ পবিস-১ এর সকল অফিসার;
৭। জুনিয়র ইঞ্জিনিয়ার, আইটি বিভাগ, সিরাজগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১-(পবিসের ওয়েবসাইটে প্রকাশের জন্য);
৮। নোটিশ বোর্ড/ ওয়েবসাইট (www.pbs1.sirajganj.gov.bd.), সিরাজগঞ্জ পবিস-১ এবং
৯। অফিস কপি, মাস্টার কপি।

০২-১২-২০২৩
আবু আশরাফ মোঃ ছালেহ্
সিনিয়র জেনারেল ম্যানেজার